# বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, ভোলা ।

মুআকা/ভোলা -৩.১৯/২০২৩-২০২৪/১৫৩
তারিখঃ ০৬.০৭.২০২৩ ইং

**বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত অংশীজনের অংশগ্রহণে ১ম ত্রৈমাসিক কমিটির সভা ০৬.০৭.২৩ ইং তারিখ রোজ বুধবার বিকাল ৪.০০ ঘটিকার সময় মুখ্য আঞ্চরিক কার্যালয়ে মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের অফিস কক্ষে অনুষ্ঠিত হয় । সকল সদস্যের উপস্থিতিতে সভায় সভাপতিত্ব করেন জনাব কাজী কামরুজ্জামান,মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, কৃষি ব্যাংক,ভোলা মুখ্য আঞ্চলিক কার্যালয়, ভোলা ।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত ১ম ত্রৈমাসিক সভায় আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়/কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

১)অত্র ব্যাংকের ওয়েবসাইটে NIS Tab-এর আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন এবং ত্রৈমাসিক ভিত্তিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিত আপলোড করতে হবে।

২) অঞ্চলাধীন ১৭টি শাখার ব্যবস্থাপক ও কর্মকর্তাদের নিয়ে ম্যাসেঞ্জারে একটি গ্রুপ খোলা হয়েছে যাতে বিভিন্ন গুরুত্বপূর্ন তথ্য জুরুরী ভিত্তিতে আদান প্রদান করা যায়।

৩) দেশের খাদ্য নিরাপত্তার নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্যে পূনঃঅর্থায়ন স্কিম (ACD-7) এর আওতায় ঋনবিতরনের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ অর্জন নিশ্চিত করার ব্যাপারে শাখাসমূহকে আলোচনা সভার মাধ্যমে নির্দেশনা করা হয়।

৪) ব্যয় সংকোচন নীতিমালার আওতায় বিদ্যুৎ খরচ হ্রাসকল্পে নতুন প্রবর্তিত অফিস সময়সূচীর মধ্যে দৈনন্দিন কাজ সম্পাদন এবং বিদ্যুৎ খরচসহ অন্যান্য ব্যয় সংকোচন নীতিমালা বাস্তবায়নের জন্যে নির্দেশনা প্রদান করা হয়।

৫) ব্যাংক ব্যবসা সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনাসহ সম্মানিত গ্রাহকগণের উত্তম সেবা নিশ্চিত করার লক্ষ্যে ব্যাংক প্রদত্ত নাগরিক সেবা (Citizen Charter) ও সকল প্রকার সেবার মূল্য তালিকা শাখার দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে।

৬) কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক Hotline(16236), মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপাকের মোবাইল নম্বর এবং অভিযোগ বক্স শাখার দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে ।শাখা/কার্যালয় পরিষ্কার পরিচ্ছন্নতা ও শাখার নিরাপত্তার বিষয়ে বিভিন্ন সময়ে জারীকৃত নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিতকরন।

৭) গ্রাহক হয়রানি ও দুর্নীতি নিরসনের জন্য ঋণ নথি প্রক্রিয়াকরণের কাজ ব্যাংক কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে এবং কার্যালয় ও শাখার সকল কর্মকর্তা/ কর্মচারীদেও ব্যাংকের নীতিমালা, কর্মপদ্ধতি বিষয়ে সার্বিক ধারনা প্রদান এর " Transfer of Knowledge" নীতিমালা বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়।

৮)নিয়ন্ত্রনকারী কার্যালয়সমূহ হতে সময়ে সময়ে চাহিতব্য বিভিন্ন প্রতিবেদনসমূহ যথাসময়ে এবং নির্ভুলভাবে প্রেরন নিশ্চিত করতে হবে।

| | | |
|---|---|---|
| 06.07.23<br>জনাব নাজনীন নাহার<br>সদস্য সচিব, আঞ্চলিক নৈতিকতা কমিটি<br>ও<br>উর্ধ্বতন মুখ্য কর্মকতা | জনাব মোঃ শাহজাহান<br>সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি ,<br>ও<br>উর্ধ্বতন মুখ্য কর্মকতা | জনাব কাজী কামরুজ্জামান<br>সভাপতি, আঞ্চলিক নৈতিকতা কমিটি<br>ও<br>মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক |

সদয় জ্ঞাতার্থে অনুলিপি ঃ

০১। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, বরিশাল।
০২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ভোলা।
০৪। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, ভোলা মুখ্য অঞ্চল, ভোলা ।
০৫। সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ভোলা ।
০৬। অফিস নথি।

# বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, ভোলা ।


## জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির ১ম সভা

**তারিখ ঃ ০৬.০৭.২০২৩**

**বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ভোলা জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির উপস্থিত কর্মকর্তাগণের স্বাক্ষরসহ তালিকা**

| ক্রঃনং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব কাজী কামরুজ্জামান | মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক | |
| ০২ | জনাব মোঃ শাহজাহান | উর্ধতন মুখ্য কর্মকর্তা | |
| ০৩ | জনাব নাজনীন নাহার | উর্ধতন মুখ্য কর্মকর্তা | |
| ০৪ | জনাব জসিমউদ্দিন | কর্মকর্তা | |
| ০৫ | জনাব খালেদ আল মাসুদ | কর্মকর্তা | |


Talukder Mahal, Kalinath Roy Bazar, Bhola-8300. Ph:02478893370-4437,mail:crmhhola@krishibank.org.bd

# বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, ভোলা ।

## জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা ঃ

| নাম | পদবী | মোবাইল নং | ফোন নম্বর |
|---|---|---|---|
| নাজনীন নাহার | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, মুআকা, ভোলা | ০৬১৭১১-৩১৩৬৬ | ০২৪৭-৮৮৯৪৪৩৭ |

Talukder Mahal, Kalinath Roy Bazar, Bhola-8300. Ph:02478893370-4437,mail:crmhhola@krishibank.org.bd